

শিক্ষা কর্মসূচী সফল হলে কেউ অশিক্ষিত থাকবে না : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদা শিক্ষা বিস্তারে দেশব্যাপী বর্তমান সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচীর সফল বাস্তবায়নের কথা উল্লেখ করে বলেন, কেউ অশিক্ষিত, মুর্খ কিংবা অজ্ঞ থাকবে না। তিনি বলেন, সমগ্র জনগোষ্ঠীকে শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে বর্তমান সরকার শিক্ষা খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে যুগান্তকারী পদক্ষেপ হিসাবে শিক্ষার বিনিময়ে বাদ্য কর্মসূচীসহ প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক, মেয়েদের অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষা অবৈতনিক, গণশিক্ষা কার্যক্রম চালু এবং নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচীর সফল বাস্তবায়নে এগিয়ে যাচ্ছে।

তথ্যমন্ত্রী শনিবার ঢাকা জেলার দোহার থানায় পদ্মা কলেজের নবনির্মিত ভবন উদ্বোধন অনুষ্ঠানে ভাষণদানকালে একথা বলেন। খবর তথ্য বিবরণীর।

তথ্যমন্ত্রীর পিতা, দোহার থানার কৃতী সন্তান এবং বিশিষ্ট সমাজসেবক জনাব নূরুল হুদা প্রধান অতিথি হিসাবে কলেজের নবনির্মিত ভবনের উদ্বোধন করেন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার, বিশিষ্ট শিল্পপতি সোহেল এফ রহমান, বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থার মহাসচিব সিগমা হুদা, কলেজ পরিচালনা (৮-এর পৃঃ ৩-এর কঃ পঃ)

(প্রথম পৃষ্ঠার পর) তথ্যমন্ত্রী পরিষদের সভাপতি ডাঃ এ ম্মার খান এবং প্রতিষ্ঠাতা অধ্যক্ষ ইব্রাহিম হুইয়া বক্তব্য রাখেন।

তথ্যমন্ত্রী বিভিন্ন সময়ে জাতীয় নেতৃত্বদানে দোহার থানার কৃতী সন্তানদের অবদানের কথা স্মরণ করে আশা প্রকাশ করে বলেন, শিক্ষার আলোয় উদ্ভাসিত হয়ে দেশের ভবিষ্যত নেতৃত্বদানে ছাত্ররা এই কলেজ থেকে উপযুক্ত নাগরিক হয়ে বেরিয়ে আসবে। ছাত্রদেরকে এজন্য জ্ঞানের আলোয় নিজেদেরকে তৈরী করতে হবে। এজন্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার সূষ্ঠ পরিবেশ বজায় রাখতে হবে। সন্ত্রাসের কারণে সেশনজট এবং এর ফলশ্রুতিতে ইতিমধ্যে জেনারেশন গ্যাপ সৃষ্টি হয়েছে। দেশকে সঠিক পথে পরিচালিত করে জাতিকে দিক-নির্দেশনা দিতে ছাত্রদেরকে শিক্ষাজীবন উপযুক্তভাবে কাঙ্ক্ষিত লাগিয়ে ভবিষ্যত নেতৃত্ব নিতে নিজেদেরকে গড়ে তুলতে হবে।

তথ্যমন্ত্রী বিভিন্ন সময়ে, বিশেষ করে বৈরাচার, বিরোধী গণতান্ত্রিক আন্দোলনে ছাত্র সমাজের গৌরবোজ্জ্বল ভূমিকার কথা উল্লেখ করে বলেন, দুর্যোগের মুহূর্তে ছাত্র সমাজ জাগ্রত হয়ে জনগণকে একাবদ্ধ এবং সঠিক দিক-নির্দেশনা দিয়ে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। দেশে এখন গণতান্ত্রিক পরিবেশ এবং সাংবিধানিক প্রক্রিয়া চালু রয়েছে। উপযুক্ত নাগরিক হয়ে গড়ে উঠতে ছাত্রদেরকে শিক্ষাজনে সূষ্ঠ পরিবেশে জ্ঞানার্জনে মনোনিবেশ করতে হবে। তিনি ছাত্র-ছাত্রীদেরকে সুশিক্ষিত হয়ে গড়ে উঠতে সকলের সহযোগিতা কামনা করেন তথ্যমন্ত্রী ঘোষণা করেন যে পদ্মা কলেজের সর্বশ্রেষ্ঠ ছাত্রকে প্রতিভার স্বীকৃতিরূপে প্রতি বছর দু'হাজার টাকার প্রাইজবন্ড পুরস্কার প্রদান করা হবে।

জনাব নূরুল হুদা তাঁর ভাষণে নবনির্মিত কলেজের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে বলেন, শিক্ষার্থীদের জন্য সুবিধা প্রদানে ও উৎসাহদানে সকলকে এগিয়ে আসতে হবে।

শিক্ষামন্ত্রী তাঁর ভাষণে বলেন, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান দেশের অগ্রগতি নিশ্চিত করতে নারী শিক্ষাসহ সামগ্রিক শিক্ষা বিস্তারের ওপর সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছিলেন। তিনি বলেন, বর্তমান সরকার এই প্রথমবারের মতো প্রাথমিক বিদ্যালয়সমূহের শতকরা ষাট ভাগ পদ মহিলা শিক্ষকদের জন্য সংরক্ষণ করেছে। ছাত্রীদের শিক্ষা গ্রহণে উৎসাহ-প্রদানের জন্য বৃত্তির ব্যবস্থা করেছে। তিনি সরকারের শিক্ষা বিস্তারে গৃহীত নীতি-মালার বিস্তারিত বিবরণ উল্লেখ করে বলেন, শিক্ষা বিস্তার কর্মসূচীকে সাফল্য-মন্ডিত করতে সকলকে একাবদ্ধ হয়ে এগিয়ে আসতে হবে। পরে তিনি কলেজের কৃতী ছাত্রদের মধ্যে পুরস্কার প্রদান করেন।

তথ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রী দোহার থানা সফরকালে স্থানীয় উদ্যোগে প্রতিষ্ঠিত মকসুদপুর উচ্চ বালিকা বিদ্যালয় পরিদর্শন করেন।